বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

# বিদ্যুতের আবাসিক গ্রাহকশ্রেণির ক্ষেত্রে বিল মাস ফেব্রুয়ারি, মার্চ এবং এপ্রিল ২০২০ এর বিদ্যুৎ বিলের বিলম্ব-পরিশোধ মাশুল (Late-Payment Surcharge) মওকুফ সংক্রান্ত সম্পূরক আদেশ

বিইআরসি আদেশ নম্বর: ২০২০/১০

তারিখ: ২৪ মার্চ ২০২০

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা)
১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
www.berc.org.bd

# সূচীপত্র


| অনুচ্ছেদ | বিষয়াবলী | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | বিদ্যুৎ বিলের বিলম্ব-পরিশোধ মাশুল সংক্রান্ত কমিশনের আদেশ | ০১ |
| ২ | আবাসিক গ্রাহকশ্রেণির ক্ষেত্রে ফেব্রুয়ারি, মার্চ এবং এপ্রিল ২০২০ মাসের বিদ্যুৎ বিল পরিশোধে সারচার্জ মওকুফের জন্য বিদ্যুৎ বিভাগ এবং বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহের অনুরোধ | ০১ |
| ৩ | কমিশনের সম্পূরক আদেশ | ০২ |

# বিদ্যুতের আবাসিক গ্রাহকশ্রেণির ক্ষেত্রে বিল মাস ফেব্রুয়ারি, মার্চ এবং এপ্রিল ২০২০ এর বিদ্যুৎ বিলের বিলম্ব-পরিশোধ মাশুল (Late-Payment Surcharge) মওকুফ সংক্রান্ত সম্পূরক আদেশ

**বিইআরসি আদেশ নম্বর: ২০২০/১০**
**তারিখ: ২৪ মার্চ ২০২০**

**দেশে নোভেল করোনা ভাইরাসের (COVID-19) সংক্রমণ এড়াতে আবাসিক গ্রাহকশ্রেণির ফেব্রুয়ারি, মার্চ এবং এপ্রিল ২০২০ মাসের বিদ্যুৎ বিল পরিশোধের বিলম্ব-পরিশোধ মাশুল মওকুফের বিষয়ে বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহের ২৩-২৪ মার্চ ২০২০ তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে শুধুমাত্র আবাসিক গ্রাহকশ্রেণির ক্ষেত্রে বিল মাস ফেব্রুয়ারি, মার্চ এবং এপ্রিল ২০২০ এর বিদ্যুৎ বিলের বিলম্ব-পরিশোধ মাশুল মওকুফ সংক্রান্ত সম্পূরক আদেশ।**

## ১.০ বিদ্যুৎ বিলের বিলম্ব-পরিশোধ মাশুল সংক্রান্ত কমিশনের আদেশ

১.১ খুচরা বিদ্যুৎ মূল্যহার পুনর্নির্ধারণ করে ২২ ডিসেম্বর ২০১১ তারিখে কমিশন কর্তৃক জারীকৃত বিইআরসি আদেশ # ২০১১/০৮, ২০১১/০৯, ২০১১/১০, ২০১১/১১ এবং ২০১১/১২ এর মাধ্যমে বিদ্যুতের সকল গ্রাহকশ্রেণির জন্য বিলম্ব-পরিশোধ মাশুল এককালীন ৫% নির্ধারণ করা হয়। পরবর্তীতে পাইকারি এবং খুচরা বিদ্যুৎ মূল্যহার পুনর্নির্ধারণ সংক্রান্ত কমিশনের ২০ সেপ্টেম্বর ২০১২ এবং ২৯ মার্চ ২০১২ তারিখের আদেশ; খুচরা বিদ্যুৎ মূল্যহার পুনর্নির্ধারণ সংক্রান্ত কমিশনের ১৩ মার্চ ২০১৪, ২৭ আগস্ট ২০১৫, ২৩ নভেম্বর ২০১৭ এবং ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখের আদেশে সকল গ্রাহকশ্রেণির ক্ষেত্রে উক্ত বিলম্ব-পরিশোধ মাশুলের হার অপরিবর্তিত রাখা হয়।

১.২ খুচরা বিদ্যুৎ মূল্যহার সংক্রান্ত কমিশনের ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখের বিইআরসি আদেশ # ২০২০/০৪, ২০২০/০৫, ২০২০/০৬, ২০২০/০৭, ২০২০/০৮ ও ২০২০/০৯ এবং উক্ত আদেশ মোতাবেক কমিশনের স্মারক নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২০.৬৫৩; তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২০ এর মাধ্যমে জারীকৃত খুচরা বিদ্যুৎ মূল্যহার, ২০২০ এর শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি সংক্রান্ত প্রজ্ঞাপনের অনুচ্ছেদ ১ এ নিম্নোক্ত আদেশ দেয়া হয়:

"(ক) সকল গ্রাহকশ্রেণির ক্ষেত্রে বিদ্যমান ৫% (পাঁচ শতাংশ) হারে এককালীন বিলম্ব-পরিশোধ মাশুল প্রযোজ্য হবে।

(খ) ২২ ডিসেম্বর ২০১১ তারিখে জারিকৃত বিলম্ব-পরিশোধ মাশুল সংক্রান্ত কমিশন আদেশ কার্যকরের পূর্ববর্তী সময়ের অনিষ্পন্ন বকেয়ার ক্ষেত্রে ৫% (পাঁচ শতাংশ) হারে এককালীন বিলম্ব-পরিশোধ মাশুল বিবেচনা করে বকেয়া পরিশোধের বিষয়টি নিষ্পত্তি করা যাবে।"

## ২.০ আবাসিক গ্রাহকশ্রেণির ক্ষেত্রে ফেব্রুয়ারি, মার্চ এবং এপ্রিল ২০২০ মাসের বিদ্যুৎ বিল পরিশোধে সারচার্জ মওকুফের জন্য বিদ্যুৎ বিভাগ এবং বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহের অনুরোধ

২.১ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের ২২ মার্চ ২০২০ তারিখের স্মারক নং-২৭.০০.০০০০.০৫২.৩১.০০২.১৮-১৮০ এ উল্লেখ করা হয় যে, বিদ্যুৎ গ্রাহকগণ বিভিন্ন ব্যাংক এবং মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে সরবরাহকৃত বিদ্যুতের বিল পরিশোধ করে থাকে।

নোভেল করোনা ভাইরাসের (COVID-19) সংক্রমণ এড়াতে অনেক গ্রাহকই জরুরি প্রয়োজন ছাড়া বাসা-বাড়ি থেকে বের হচ্ছেন না। এর পরিপ্রেক্ষিতে ফেব্রুয়ারি, মার্চ এবং এপ্রিল ২০২০ মাসে অনেক গ্রাহকই নির্ধারিত সময়ের মধ্যে বিদ্যুৎ বিল পরিশোধ করতে পারবেন না মর্মে প্রতীয়মান হয়। উপর্যুক্ত অবস্থার পরিপ্রেক্ষিতে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের পত্রে শুধুমাত্র আবাসিক গ্রাহকের ফেব্রুয়ারি, মার্চ এবং এপ্রিল ২০২০ মাসের বিদ্যুৎ বিল পরিশোধের ক্ষেত্রে সারচার্জ বা বিলম্ব মাশুল ব্যতিরেকে বিল পরিশোধের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিশনকে অনুরোধ জানানো হয়।

২.২ এছাড়াও বিদ্যুৎ বিতরণ সংস্থা ও কোম্পানীসমূহ ২৩-২৪ মার্চ ২০২০ তারিখের পত্রের মাধ্যমে আবাসিক গ্রাহকের ফেব্রুয়ারি, মার্চ এবং এপ্রিল ২০২০ মাস সমূহের বিদ্যুৎ বিল সারচার্জ বা বিলম্ব মাশুল ব্যতিরেকে পরিশোধের বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য কমিশনের নিকট আবেদন জানায়।

## ৩.০ কমিশনের সম্পূরক আদেশ

সার্বিক বিষয়সমূহ পর্যালোচনাক্রমে কমিশনের আদেশ হলো যে:-

৩.১ খুচরা বিদ্যুৎ মূল্যহার পুনর্নির্ধারণ করে ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখে কমিশন কর্তৃক জারীকৃত বিইআরসি আদেশ # ২০২০/০৪, ২০২০/০৫, ২০২০/০৬, ২০২০/০৭, ২০২০/০৮ ও ২০২০/০৯ এর পরিশিষ্ট-'খ' এর অনুচ্ছেদ ১ (ক) এবং উক্ত আদেশ মোতাবেক জারীকৃত খুচরা বিদ্যুৎ মুল্যহার, ২০২০ এর শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি সংক্রান্ত প্রজ্ঞাপন নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২০.৬৫৩; তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২০ এর অনুচ্ছেদ ১ (ক)-এ উল্লিখিত বিলম্ব-পরিশোধ মাশুল (Late-Payment Surcharge) শুধুমাত্র আবাসিক গ্রাহকশ্রেণির (এলটি—এ এবং এমটি—১) ক্ষেত্রে বিল মাস ফেব্রুয়ারি, মার্চ এবং এপ্রিল ২০২০ এর বিদ্যুৎ বিল পরিশোধে প্রযোজ্য (বিলম্ব-পরিশোধ মাশুল) হবে না।

৩.২ খুচরা বিদ্যুৎ মূল্যহার পুনর্নির্ধারণ সংক্রান্ত কমিশন কর্তৃক জারীকৃত বিইআরসি আদেশ # ২০২০/০৪, ২০২০/০৫, ২০২০/০৬, ২০২০/০৭, ২০২০/০৮ ও ২০২০/০৯ এবং খুচরা বিদ্যুৎ মুল্যহার ২০২০, এর শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি সংক্রান্ত প্রজ্ঞাপন নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২০.৬৫৩; তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২০ এর অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

৩.৩ জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

24/3/20
**(মোহাম্মদ বজলুর রহমান)**
সদস্য (বিদ্যুৎ)

24/03/2020
**(মোঃ মকবুল-ই-ইলাহী চৌধুরী)**
সদস্য (গ্যাস)

24.3.20
**(মোহাম্মদ আবু ফারুক)**
সদস্য (অর্থ ও প্রশাসন)

24/03/2020
**(রহমান মুরশেদ)**
সদস্য (পেট্রোলিয়াম ও আইন)

24/03/2020
**(মোঃ আব্দুল জলিল)**
চেয়ারম্যান